শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

মুজিব ১০০


# ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-২
MYMENSINGH PALLI BIDYUT SAMITY-2

ISO 9001:2015 Certified

কাঠাঁলী, ভালুকা, ময়মনসিংহ।
ইমেইল: mymensinghpbs2@gmail.com
ওয়েব: pbs2.mymensingh.gov.bd
ফেইসবুক: facebook.com/myemsinghpbstwo


স্মারক নং-২৭.১২.৬১১৩.৫৫৩.০১.০৩৮.২৩.৩৮৩

তারিখঃ- ১৪ ফেব্রুয়ারী, ২০২৩ খ্রিষ্টাব্দ
০১ ফাল্গুন, ১৪২৯ বঙ্গাব্দ

**বিষয়ঃ- RFQ পদ্ধতিতে "পাওয়ার ট্রান্সফরমার পরিবহন ও লোডিং আনলোডিং" কাজের দরপত্র বিজ্ঞপ্তি।**

ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর অনুকূলে বরাদ্দকৃত নিম্নোক্ত বর্ননা মোতাবেক ০১ টি পাওয়ার ট্রান্সফরমার ঢাকা কেন্দ্রীয় পণ্যাগার, সাভার, ঢাকা হতে পরিবহন করে অত্র পবিসের ভালুকা-১০ (স্কয়ার মাষ্টারবাড়ী) উপকেন্দ্রে পৌঁছানোর নিমিত্তে পরিবহন ঠিকাদার প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব তহবিলের আওতায় নিম্নবর্নিত শর্তসাপেক্ষে লেটার হেড প্যাডে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

**পরিবহনকৃত ট্রান্সফরমারের বিবরণঃ**

| ক্রঃ নং | পাওয়ার ট্রান্সফরমারের বিবরন | পরিমান | টাকা | | দরপত্র গ্রহন ও খোলার সময়সূচী | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | গ্রহণ | খোলা |
| | ০১ | ০২ | একক মূল্য | মোট মূল্য | ০৩ | ০৪ |
| ০১ | ০১ টি ৩ ফেজ ১০/১৪ এমভিএ পাওয়ার ট্রান্সফরমার এবং আনুসাঙ্গিক মালামাল বাপবিবোর কেন্দ্রীয় পণ্যাগার, সাভার, ঢাকা হতে পরিবহন করে ভালুকা-১০ (স্কয়ার মাষ্টারবাড়ী) উপকেন্দ্র ভালুকা, ময়মনসিংহে পৌঁছানো এবং প্যাডে স্থাপন (লোডিং-আনলোডিং ও যাবতীয় অন্যান্য আনুসাঙ্গিক ব্যয়সহ)। পাওয়ার ট্রান্সফরমারটির ওজন ২৫.৬ টন এবং মূল্য ১,৯৮,৭৩,৮৫০/-। | ০১ টি | | | ১৯/০২/২০২৩ খ্রিঃ তারিখ সকাল ১১.০০ ঘটিকা পর্যন্ত। | ১৯/০২/২০২৩ খ্রিঃ তারিখ সকাল ১১.০৫ ঘটিকায়। |

**দরপত্র দাখিল ও অন্যান্য শর্তাবলীঃ**

০১। আগ্রহী দরদাতাগন অফিস সময়ে নিম্ন ঠিকানা হইতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করিতে পারিবেন।

০২। উপরে বর্নিত সময়সীমার মধ্যে যে কোন দিন (সরকারী ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতিত) অফিস সময়ে ময়মনসিংহ পবিস-২ এর সদর দপ্তর/ পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (কেঃঅঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা এই ঠিকানায় পৌছাতে হইবে। বিলম্বে গৃহীত দরপত্র বাতিল করা হইবে। বর্নিত সময়সূচী অনুযায়ী দাখিলকৃত সকল দরপত্র স্ব স্ব দাখিলকৃত স্থানে দরদাতাদের উপস্থিতিতে ( যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হইবে।

০৩। কার্যাদেশ প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে পাওয়ার ট্রান্সফরমার ট্রেইলর যোগে পরিবহন করে কাজ সম্পন্ন করিতে হইবে। নির্ধারিত সময়ের মধ্যে পাওয়ার ট্রান্সফরমার নির্ধারিত স্থানে পৌঁছাতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য কার্যাদেশ মূল্যের উপর ০.১% হারে জরিমানা কর্তন করা হইবে, যা কোন অবস্থাতেই সর্বমোট কার্যাদেশ মূল্যের ১০% এর অধিক হইবে না।

০৪। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে অত্র সমিতির স্বার্থে পাওয়ার ট্রান্সফরমার পরিবহন সংক্রান্ত বিষয়ে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিনামা সম্পাদন করিতে হইবে এবং বাপবিবো/সমিতির নিয়মানুযায়ী অন্যান্য শর্তাবলী প্রতিপালন করিতে হইবে।

০৫। পাওয়ার ট্রান্সফরমার পরিবহনের পূর্বে ভালো অবস্থায় পাওয়ার ট্রান্সফরমার ও আনুসাঙ্গিক মালামাল বুঝে নিতে হইবে এবং ভালো অবস্থায় সমিতিকে বুঝে দিতে হইবে।

০৬। পরিবহনের সময় ব্যবহার অনুপযোগী ব্রীজ/কালভার্ট পরিহার করে মালামাল পরিবহনের ব্যবস্থা করিতে হইবে।

০৭। বর্ণিত পাওয়ার ট্রান্সফরমার সন্তোষজনকভাবে গন্তব্য স্থলে পৌঁছানোর পর বিল ও চালান দাখিল সাপেক্ষে একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে পরিশোধ করা হইবে। সরকারী নিয়ম অনুযায়ী ভ্যাট/ট্যাক্স কর্তন করা হইবে।

০৮। দরপত্র সম্পর্কে কাহারও কোন জিজ্ঞাসা থাকিলে/ব্যাখার প্রয়োজন হইলে উহা দরপত্র খোলার নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩ (তিন) দিন পূর্বে নিম্ন ঠিকানায় লিখিতভাবে অনুরোধ জানাইতে হইবে।

০৯। দরপত্রের সাথে চলতি ট্রেড লাইসেন্স, আয়কর সনদ, ভ্যাট রেজিস্ট্রেশন ও ব্যাংক সলভেন্সী সনদের সত্যায়িত অনুলিপি দাখিল করিতে হইবে।

১০। ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-২ কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহন অথবা বাতিল করিবার অধিকার সংরক্ষন করে।

১১। পরিবহনের সময় সমিতির ০১ (এক) জন প্রতিনিধীকে স্কট হিসাবে সঙ্গে রাখিতে হইবে কিন্তু কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে মালামাল গ্রহণ এবং বুঝে দিতে হইবে।

১২। পাওয়ার ট্রান্সফরমারটি পরিবহনের পূর্বে অত্র প্রতিষ্ঠান কর্তৃক নিজ উদ্দ্যেগে সরকার অনুমোদিত বীমা কোম্পানী হইতে ট্রানজীট বীমা সম্পাদন পূর্বক কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে বীমার সনদ প্রদান করা হবে।

১৩। পরিবহনের সময় কোন দূর্ঘটনা ঘটলে এবং এতে মালামাল বিনষ্ট হলে বাপবিবোর্ডের নিয়মানুযায়ী মূল্য পরিশোধ করিতে হইবে।

১৪। দরপত্রে উল্লেখ নাই এমন কোন সমস্যার উদ্ভব হইলে সমিতির কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত সিদ্ধান্ত বলিয়া বিবেচিত হইবে।

১৪.০২.২৬

(প্রকৌঃ নূর মোহাম্মদ)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। পরিচালক, পবিস মঃ ও ব্যাঃ পঃ (কেঃঅঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা। (দরপত্র গ্রহনের অনুরোধসহ)
০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাপবিবোর্ড, ঢাকা। (বাপবিবোর্ডের ওয়েব সাইডে আপলোড করার অনুরোধসহ)
০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ময়মনসিংহ জোন, বাপবিবোর্ড, ময়মনসিংহ
০৪। জেলা প্রশাসক, ময়মনসিংহ/গাজীপুর।
০৫। পুলিশ সুপার, ময়মনসিংহ/গাজীপুর।
০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার...........পবিস-১/২/৩/৪।
০৭। নির্বাহী প্রকৌশলী, (এলজিইডি/গণপূর্ত/সড়ক ও জনপদ) ময়মনসিংহ/গাজীপুর।
০৮। ডিজিএম (মাওনা/গফরগাঁও/শ্রীপুর/টেকনিক্যাল), মপবিস-২।
০৯। এজিএম (অর্থ-হিসাব)/ওএন্ডএম/ইএন্ডসি/এমএস), মপবিস-২।
১০। সহঃ প্রকৌশলী, প্রকল্প বিভাগ, বাপবিবোর্ড, মপবিস-২।
১১। জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), মপবিস-২ (ওয়েব সাইটে আপলোড করবেন)।
১২। নোটিশবোর্ড, মপবিস-২।
১৩। মেসার্স-----------------------------------------------।
১৪। অফিস কপি/ মাস্টার কপি।

(বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে প্রচারের জন্য অনুরোধ করা হইল)

১৪.০২.২৬

(প্রকৌঃ নূর মোহাম্মদ)
সিনিয়র জেনারেল ম্যানেজার